

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা
(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩, মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiyamohilacollege.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স ব্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

২০২১ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ২৮/০২/২০২২ থেকে ২০/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

ভর্তির যোগ্যতা: ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০১৯ সাল বা তৎপূর্বে এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২১ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচএসসি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১) এইচএসসি (ভোকেশনাল) ২) ডিপ্লোমা-ইন-কমার্স ৩) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। Blank Data Entry Form এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এ সকল কোর্স/বিষয়ের তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানা যাবে: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiyamohilacollege.edu.bd).

স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি-২৫০/- টাকা ও বিকাশ চার্জ-৪/- টাকাসহ মোট ২৫৪/- (দুইশত চুয়ান্ন) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট ভর্তি রোল নম্বর দিতে হবে। এরপর ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে বিকাশ অ্যাপ এর মাধ্যমে পেইমেন্ট সিলেক্ট করে ভর্তি ফরম, প্রসপেক্টাস ফি ও বিকাশ চার্জসহ ৪৫৬/- টাকা বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রেফারেন্স এ অবশ্যই স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট ভর্তি রোল নম্বর উল্লেখ করতে হবে। অতঃপর www.lalmatiyamohilacollege.edu.bd এ ভর্তির লিংকে প্রবেশ করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে আবেদন ফরম ও শিক্ষার্থীর ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে বিকাশ নম্বর (০১৮৪৬১৪৯৯৭৩) এর মাধ্যমে ভর্তির টাকা পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দেয়া যাবে।

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সসমূহ :

১। বিএ ২। বিএসএস ৩। বিবিএস


অধ্যক্ষ


লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা।
লালমাটিয়া, ঢাকা-১২০৭


২৮/২/২০২২


২০২১ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য দেয় টাকার হিসাব:


ক্রমিক নং	খাতের নাম	টাকার পরিমাণ
১.	ভর্তি ফি	২৫
২.	বিশ্ববিদ্যালয় ফি (বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত)	৪৮৫
৩.	উন্নয়ন তহবিল ফি	২০০
৪.	বিবিধ	১০০
৫.	ব্যবস্থাপনা ফি	৫০
৬.	ডিজিটাল কার্যক্রম	৪০০
	মোট	১২৬০

এছাড়া অভ্যন্তরীণ পরীক্ষা ফি (ইনকোর্স) প্রতি পত্রে ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।


অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা।
লালমাটিয়া, ঢাকা-১২০৭


০৩/০৬/২২


০৩/০৬/২২